গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
পরিকল্পনা শাখা

আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

www.fisheries.gov.bd

**স্মারক নম্বর:** ৩৩.০২.০০০০.০০০.১১৪.২৭.০০০১.২৬.৩৫

তারিখ: ৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **সরকার কর্তৃক গৃহীত "কৃষক কার্ড" কর্মসূচির আওতায় কৃষক ও ডিলারের তথ্য সংগ্রহ কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের নির্বাচনী ইশতেহারে ঘোষিত "কৃষক কার্ড" কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে দেশের সকল উপজেলায় কৃষক ও ডিলারের তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে। এ কার্যক্রমের প্রাথমিক পর্যায়ে প্রতিটি উপজেলা হতে একটি (০১) ব্লক নির্বাচন করে তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে এবং পরবর্তীতে পর্যায়ক্রমে উপজেলার সকল ব্লকে এ কার্যক্রম সম্প্রসারণ করা হবে। উল্লেখ্য, মৎস্য চাষী ও মৎস্য আহরণকারীগণ (জেলে) কৃষক কার্ডের আওতাভুক্ত বলে বিবেচিত হবে। এমতাবস্থায়, নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ উপজেলা পর্যায়ে যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১। তথ্য সংগ্রহ কার্যক্রম চলাকালে সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসার, উপজেলা প্রশাসন এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে প্রয়োজনীয় সমন্বয় বজায় রাখা;

২। নির্ধারিত সময়সীমার মধ্যে তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করার জন্য মৎস্য চাষী ও মৎস্য আহরণকারীদের মাঝেপ্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং অগ্রগতি নিয়মিতভাবে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা;

৩। এ কার্যক্রমটি সরকারের অগ্রাধিকার বিবেচনা পূর্বক বাস্তবায়নে সর্বোচ্চ আন্তরিকতা নিশ্চিত করা।

২১-০৭-২০২৬
ড. মোঃ খালেদ কনক
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন : ০২-২২৩৩৮২৮৬১
ইমেইল : dg@fisheries.gov.bd


পরিচালক, মৎস্য অধিদপ্তর (সকল)।

**স্মারক নম্বর:** ৩৩.০২.০০০০.০০০.১১৪.২৭.০০০১.২৬.৩৫/১ (৩)

তারিখ: ৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা মৎস্য কর্মকর্তা (সকল)।
২। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা মৎস্য কর্মকর্তার কার্যালয় (সকল)।
৩। সংশ্লিষ্ট নথি।



২১-০৭-২০২৬
মোঃ আলমগীর হোসেন
সহকারী পরিচালক